

# লোগো ডিজাইন জমা দেওয়ার নিয়ম

ঢাকা আহুছানিয়া মিশনের মাদক বিরোধী কার্যক্রম এ্যাডিকশন ম্যানেজমেন্ট এন্ড ইন্টিগ্রেটেড কেয়ার (আমিক) Addiction Management & Integrated Care (AMIC) এর ৩০ বছর পূর্তি উপলক্ষে ২০২০ সালে বছর ব্যাপি মাদক বিরোধী বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বছর ব্যাপি কর্মসূচির অংশ হিসেবে লোগো ডিজাইন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

**লোগোর কনসেপ্ট:** মাদক বিরোধী যে কোনও কনসেপ্ট নিয়ে লোগো করা যাবে। তবে, নেতিবাচক কোন যেমন কঙ্কাল, শাপ বা ভয়াবহ কোন ছবি ব্যবহার করা যাবে না। মূল বিষয় হচ্ছে, লোগোটি দেখতে সুন্দর এবং আকর্ষণীয় হতে হবে।

**নিজস্ব আইডিয়া:** লোগোর জন্যে ঢাকা আহুছানিয়া মিশন তাদের নিজস্ব কোন আইডিয়া শেয়ার করবে না। ডিজাইনারকেই আইডিয়া জেনারেট করতে হবে।

**লোগোর টেক্সট:** ইংরেজী হতে হবে।

**লোগোর ব্যবহার:** লোগো ব্যবহার হবে বছর ব্যাপি মাদক বিরোধী অনুষ্ঠানের ব্যানার, কার্ড, প্যাডসহ বিভিন্ন উপকরণ, ওয়েবসাইট, ফেসবুকসহ অন্যান্য সোশ্যাল মিডিয়া পেজে।

**ডিজাইন রিকোয়ারমেন্ট:** লোগো হতে হবে ট্রান্সপারেন্ট যা যে কোন ব্যাকগ্রাউন্ডেই সেট হয়ে যাবে।

**লোগো সাইজ:** লোগোর সাইজ এমন থাকা চাই যাতে প্রয়োজনমত ছোট-বড় করে নেয়া যায়।

**প্রতিযোগিতায় যারা অংশ নিতে পারেন:** বাংলাদেশ এবং বাংলাদেশের বাইরে যে কোন প্রফেশনাল ডিজাইনার অংশ নিতে পারবেন। বিশেষ করে, লোগো ডিজাইনে এক্সপার্ট যারা, তাদের অগ্রাধিকার থাকবে। তবে, অংশ নিতে পারবেন যে কোন আর্ট শিল্পী, চারুকলার ছাত্র, গ্রাফিক্স ডিজাইনার।

**যোগ্যতা:** বিশেষ কোন যোগ্যতার, বিশেষ করে অ্যাকাডেমিক যোগ্যতার প্রয়োজন নেই।

**ডিজাইনের সময়কাল:** ২৫ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে।

**নির্বাচন প্রক্রিয়া:** যাদের ডামি ডিজাইন আমাদের পছন্দ হবে, তারাই কেবল মূল প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন। আর মূল প্রতিযোগিতার জন্যে নির্বাচিত সবাইকে ডামি ডিজাইনটাকে ফাইনাল করতে বলা হবে। তবে, এর মানে এই নয় যে, ফাইনাল ডিজাইন করলেই প্রতিযোগিতায় নির্বাচিত হয়ে যাবেন। মূল প্রতিযোগীদের থেকে আমরা ১টি লোগো নির্বাচন করবো।

**সম্মানি:** ১০,০০০/- (দশ হাজার) টাকা মাত্র এবং একটি সাইট © ফিকেট।

**লোগো জমা:** [amic.dam@gmail.com](mailto:amic.dam@gmail.com), [iqbalmasud@amic.org.bd](mailto:iqbalmasud@amic.org.bd) ই-মেইলে লোগো জমা দেওয়া যাবে।

**নোট-১:** নির্বাচিত ডিজাইনারকে অতিরিক্ত হিসেবে একটা ব্যানার ডিজাইন করে দিতে হবে। লোগোর কালারের সঙ্গে ম্যাচিং করে একটা সিম্পল ডিজাইনের ব্যানার হলেই চলবে। ব্যানারটি (একই ব্যানার) আমরা বিভিন্ন সোশ্যাল পেজে ব্যবহার করবো। শুধু সাইজ পরিবর্তন হবে।

## ঢাকা আহুছানিয়া মিশন

প্রধান কার্যালয়, স্বাস্থ্য সেক্টর

১৫২/ক পিসি কালচার হাউজিং সোসাইটি লি:, ব্লক-ক, রোড-৬, শ্যামলী, (আশা বিশ্ববিদ্যালয়ের পেছনে), ফোন: ৫৮১৫১১১৪